তারিখ 22 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

# ‘যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা নিচ্ছে ৬৫০০ বাংলাদেশি’

**কূটনৈতিক প্রতিবেদক ▷**

যুক্তরাষ্ট্রে বর্তমানে বাংলাদেশের প্রায় সাড়ে ছয় হাজার শিক্ষার্থী উচ্চশিক্ষা নিচ্ছে। ঢাকায় অবস্থিত মার্কিন দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স (সিডিএ) জোল রাইফম্যান গতকাল সোমবার আমেরিকান সেন্টারে এক সংবর্ধনা অনুষ্ঠানে এ তথ্য জানান। ‘গ্লোবাল রোবটিক অ্যান্ড সোশ্যাল মিডিয়া’ প্রতিযোগিতায় অংশ নেওয়া বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিতের (সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাথ, সংক্ষেপে স্টেম) মতো বিষয়ে পড়ালেখার ওপর গুরুত্বারোপ করে রাইফম্যান বলেন, ‘কঠিন সমস্যা মোকাবেলায় জ্ঞান ও দক্ষতা অর্জন, তথ্য-প্রমাণ সংগ্রহ, মূল্যায়ন এবং বিভিন্ন ধরনের তথ্য কাজে লাগানো এখন তরুণদের জন্য বেশি জরুরি। শিক্ষার্থীরা স্টেম পড়ার মাধ্যমে এ ধরনের দক্ষতা অর্জন করে থাকে।’

যুক্তরাষ্ট্র দূতাবাস জানায়, যুক্তরাষ্ট্রে স্টেম ডিগ্রিধারীরা অন্যদের চেয়ে বেশি উপার্জন করে। স্টেম কর্মীরা যুক্তরাষ্ট্রের অর্থনীতিতে টেকসই উন্নয়ন ও স্থায়িত্ব বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

উল্লেখ্য, ‘গ্লোবাল রোবটিক অ্যান্ড সোশ্যাল মিডিয়া’ প্রতিযোগিতা সম্প্রতি যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হয়। এতে অংশ নেওয়া ছয়টি বিশ্ববিদ্যালয় থেকে বাংলাদেশ মার্স রোভার টিম, দ্য রোবট অলিম্পিয়াড হাই স্কুল টিম ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘পিয়ার টু পিয়ার (পিটুপি) : ফেসবুক গ্লোবাল ডিজিটাল চ্যালেঞ্জ টিম’কে সংবর্ধনা দেওয়া হয়। ছয়টি দলের অংশগ্রহণের ফলে ‘মার্স রোভার চ্যালেঞ্জে’ যুক্তরাষ্ট্রের পর বাংলাদেশ থেকে দ্বিতীয় সর্বোচ্চসংখ্যক প্রতিযোগী অংশ নেয়।

হাই স্কুল রোবটিক দল প্রতিযোগিতায় ভালো করেছে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের দল ‘দ্য পিটুপি সোশ্যাল মিডিয়া’ শীর্ষ পুরস্কার লাভ করে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে